

দাবি আদায়ে মাধ্যমিক সহকারী শিক্ষকদের আন্টিমেটাম

যাযায়দিন রিপোর্ট

সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোর সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণির গেজেটেড পদমর্যাদাসহ ছয় দফা-মাত্রিতে সংবাদ সম্মেলন করেছে বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতি।

গুরুবার দুপুরে জাতীয় প্রেসক্লাব-মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান তারা।

সংবাদ সম্মেলনে আগামী ১৫ থেকে ২০ অক্টোবরের মধ্যে তাদের দাবি আদায় না হলে রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ করে পরবর্তী আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে আন্টিমেটাম দেন।

সংবাদ সম্মেলনে সংগঠনের সভাপতি মো. মোফাজ্জল হোসেন সিবিত বক্তব্য বলেন, শিক্ষানীতি ২০১০ এ প্রস্তাবিত শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো বাস্তবায়নের কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। কোটিং বাণিজ্য বন্ধ নীতিমালা সব শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হলেও শিক্ষা ভবন থেকে শুধু সরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে।

তিনি আরো বলেন, শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো বাস্তবায়ন করা না হলে শিক্ষানীতি ২০১০ বাস্তবায়ন করা সম্ভব নয় বলেও মন্তব্য করেন তিনি।

বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির সভাপতি মো. মোফাজ্জল হোসেনের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন- সংগঠনের মহাসচিব মো. মুজিবুর রহমান, মুগ্ধ মহাসচিব মোহাম্মদ আলী বেলাল, সাংগঠনিক সম্পাদক মো. মোস্তাফিজুর রহমান, রাজি উদ্দিন ডব্লিউ প্রমুখ।